দৈনিক বাংলা

তারিখ ... 12/3/82 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 6 ...







গতকাল বৃহস্পতিবার ঢাকাসহ দেশের চারটি শিক্ষা বোর্ডের এস-এসসি পরীক্ষা শুরু হয়েছে। ওপরের ছবিটি আজিমপুর গার্লস হাইস্কুল এবং নীচের ছবিটি ওয়েস্ট এন্ড হাইস্কুল থেকে নেয়া। —দৈনিক বাংলা

## শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা শুরু

(স্টাফ রিপোর্টার)

গতকাল দেশের চারটি শিক্ষা বোর্ডের প্রথম দিনের এসএসসি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। নকল করার দায়ে ঢাকা বোর্ডের তিনটি কেন্দ্র থেকে ২০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

গত রাত এগারোটায় এ রিপোর্ট লেখা পর্যন্ত দেশের কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। কুমিল্লা, যশোর ও রাজশাহী বোর্ডের পরীক্ষাও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়।

ঢাকা বোর্ডের টাঙ্গাইল শহর পরীক্ষা কেন্দ্র থেকে ১৭ জন, বৈদ্যের বাজার

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা কেন্দ্রে শিক্ষামন্ত্রী

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী বিচারপতি জনাব টি এইচ খান বৃহস্পতিবার ঢাকা মহানগরীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। গতকাল ছিল এসএসসি পরীক্ষার প্রথম দিন।

মন্ত্রী পরীক্ষা কেন্দ্রগুলিতে সুশৃংখল ও শান্তিপূর্ণ পরিবেশ দেখতে পান এবং তাতে সন্তোষ প্রকাশ করেন। তিনি এসএসসি পরীক্ষার্থী এবং অভিভাবকদের সঙ্গে কথাবার্তা বলেন।

উল্লেখ্য, শিক্ষামন্ত্রী এসএসসি পরীক্ষা শুরুর আগে বুধবার সন্ধ্যায় এক বেতার ভাষণে দুর্নীতিমুক্তভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের জন্যে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছিলেন।

## পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

কেন্দ্র থেকে তিনজন ও ত্রিশাল কেন্দ্র থেকে দুজন পরীক্ষার্থীকে নকল করার জন্যে বহিষ্কার করা হয়।

গতকালের বিষয় বাংলা প্রথমপত্র ও দ্বিতীয়পত্র। আজ কোন পরীক্ষা নেই। আগামীকাল শনিবার সাধারণ গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

দৈনিক বাংলার মানিকগঞ্জ সংবাদদাতা জানান মানিকগঞ্জ মহকুমার কেন্দ্রগুলিতে বৃহস্পতিবার শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়।